দৈনিক বাংলা

তারিখ ...18 SEP 1990...
পৃষ্ঠা... ৩ ...কলাম... ৭...

# কলেজ-বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সাত দফা মানার আহবান

।। বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।।

বাংলাদেশ কলেজ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি দেশের পতনোন্মুখ শিক্ষা ব্যবস্থাকে বাঁচানোর লক্ষ্যে সাত দফা দাবী ঘোষণা করেছে এবং অবিলম্বে এসব দাবী মেনে নেয়ার জন্য সরকারের প্রতি আহবান জানিয়েছে।

সমিতির দাবীপক্ষের কর্মসূচীর

(৪-এর পৃঃ দ্রঃ)

## কলেজ-বিশ্ববিদ্যালয়

(প্রথম পৃঃ পর)

প্রথম দিনে গতকাল বিকালে টিএসসিতে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে এ আহবান জানানো হয়।

সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন কলেজ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক ডঃ তাজুল ইসলাম।

সাংবাদিক সম্মেলনে বলা হয়, দেশের শিক্ষা ব্যবস্থায় বর্তমানে নৈরাজ্য বিরাজ করছে। শিক্ষার কোন দিক নির্দেশনা নেই। শিক্ষা মানের অবনতি ঘটেছে। শিক্ষক সমাজ অর্থনৈতিক নিরাপত্তাহীনতা, অনিশ্চয়তা ও হতাশায় নিমজ্জিত। এ অবস্থা থেকে উত্তরণের জন্য সমিতির ঘোষিত সাত দফা দাবী মেনে নেয়ার জন্য সাংবাদিক সম্মেলনে আহবান জানানো হয়।

সাত দফা দাবীর মধ্যে রয়েছে শিক্ষাঙ্গনকে সন্ত্রাস ও দুর্নীতিমুক্ত করা, নতুন জাতীয় বেতন স্কেল ঘোষণা করা, সরকারী কলেজের শিক্ষকের শূন্যপদ পূরণ, এনাম কমিটির সুপারিশ অনুযায়ী সমস্ত কলেজে নতুন পদ সৃষ্টি, শিক্ষকদের অবসর গ্রহণের বয়সসীমা ৬৫ বছর নির্ধারণ, সকল বিশ্ববিদ্যালয়ে স্বায়ত্তশাসন সংবলিত গণতান্ত্রিক অধ্যাদেশ চালু করা ইত্যাদি। এসব দাবী আদায়ের লক্ষ্যে কলেজ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি আগামী ৩রা অক্টোবর পর্যন্ত দাবী পক্ষ পালন করবে।

সাংবাদিক সম্মেলনে কলেজ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ম আখতারুজ্জামান, প্রফেসর রঙ্গলাল সেন, ডঃ শেখ আবদুস সালাম, এ এন রাশেদা প্রমুখ উপস্থিত ছিলেন।